

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

## CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আশ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং-১২/২০২৪  
সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

তারিখঃ ০৪/০২/২০২৪ খ্রি.

কাস্টমস: অটোমেশন শাখা, জাতীয় রাজস্ব বোর্ড, এর নথি নং- ০৮.০১.০০০০.০৬৬.০৭.০১৪.২১/৪৪, তারিখঃ ২৫/০১/২০২৪ খ্রি. সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

মোঃ মিজানুর রহমান  
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
আগারগাঁও, ঢাকা।  
[কাস্টমসঃ অটোমেশন শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৬.০৭.০১৪.২১/৪৪

তারিখঃ ২৫.০১.২০২৪ খ্রিঃ

বিষয়ঃ অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে এনহ্যান্সড ভ্যালুয়েশন মডিউল বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, শুদ্ধ মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ অনুযায়ী, সকল কাস্টম হাউস এবং ল্যান্ড কাস্টমস স্টেশনের মাধ্যমে আমদানিকৃত পণ্যের যথাযথ মূল্য নির্ধারণে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে ডেভেলপকৃত ভ্যালুয়েশন মডিউলের প্রয়োজনীয়তা অপরিহার্য। এই মডিউলে উক্ত বিধিমালা অনুযায়ী কোন পণ্যের সঠিক মূল্য নির্ধারণের উদ্দেশ্যে পণ্যের সঠিক বাণিজ্যিক বর্ণনা ও অন্যান্য স্পেসিফিকেশন দাখিল বাধ্যতামূলক। এ মডিউল কার্যকর করার লক্ষ্যে প্রযোজ্য ক্ষেত্রে পণ্যের বিস্তারিত বর্ণনা, মডেল, সাইজ, ব্রান্ড, ফ্লোর, কম্পোনেন্টস, টাইপ, ইউজেস ক্যাটাগরি, প্যাকিং সাইজ, কম্পোজিশন, আর্ট নম্বর, পার্ট নম্বর সংক্রান্ত তথ্যাদি এন্ট্রি করা একান্ত প্রয়োজন। ভ্যালুয়েশন মডিউল বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা, অ্যাসিস্ট্যান্ট কমিশনার হতে তদুর্ধ্ব কাস্টমস কর্মকর্তা, আইটি কর্মকর্তা এবং সিএন্ডএফ এজেন্টগণকে ইতোমধ্যে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

০২। জাতীয় রাজস্ব বোর্ডের অন্তর্ভুক্ত ৭টি কাস্টম হাউস এবং সকল ল্যান্ড কাস্টমস স্টেশনে ভ্যালুয়েশন মডিউল কার্যকরের অংশ হিসেবে আগামী ১১.০২.২০২৪ খ্রি. তারিখ হতে নিম্নোক্ত ছকে উল্লিখিত পণ্যসমূহের জন্য অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে ভ্যালুয়েশন মডিউল কার্যকর হবে। উল্লেখ্য, ভ্যালুয়েশন মডিউলে অন্তর্ভুক্ত এইচএস কোডের জন্য নির্ধারিত ফিল্ডে সঠিক তথ্য প্রদান ব্যতিরেকে সিএন্ডএফ এজেন্টগণ বিল অব এন্ট্রি দাখিল করতে সক্ষম হবেন না। এছাড়াও, রাজস্ব কর্মকর্তা এবং সহকারী রাজস্ব কর্মকর্তাগণ ভ্যালুয়েশন মডিউলের নির্দিষ্ট কার্য সম্পাদন ব্যতিরেকে উক্ত বিল অব এন্ট্রির অ্যাসেসমেন্ট সম্পন্ন করতে পারবেন না। সিএন্ডএফ এজেন্টগণ কোন ফিল্ডে অযাচিত তথ্য ইনপুট দিলে রাজস্ব কর্মকর্তা এবং সহকারী রাজস্ব কর্মকর্তাগণ তা সংশোধন করে উক্ত বিল অব এন্ট্রির অ্যাসেসমেন্ট সম্পন্ন করবেন। অন্যথায়, সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্ট, রাজস্ব কর্মকর্তা এবং সহকারী রাজস্ব কর্মকর্তা কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট এর আওতাভুক্ত হবেন এবং জাতীয় রাজস্ব বোর্ড হতে কেন্দ্রীয়ভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

পৃষ্ঠা-১/২

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আত্মবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

ক্র. নং	পণ্যের বাণিজ্যিক নাম	এইচএস কোড	আবশ্যিক ফিল্ডসমূহ
১	Pasta	1902.11.00 1902.19.00 1902.20.00 1902.30.00 1902.40.00	Brand, <b>Typel</b> (Stuffed or Unstuffed), <b>Type2</b> (Spaghetti, Macaroni, Lasagne, Gnocchi, Ravioli, Cannellooni, Fusilli, Rigatoni, Farfalle, Collezione, Conchiglie, Penne, Rigate, Other), Size, <b>Type3</b> (Cooked, Uncooked)
২	Tyre	4011.10.00 4011.20.90 4011.40.00	Brand, Model, Size, <b>Usage Catagory</b> (Truck, Lorry, Bus, Car, Bicycle) Rim Size, <b>Radial</b> (Yes, No), <b>Components</b> (Steel, Nylon), Tubeless (Yes, No)
৩	Tractor Tyre	4011.70.90	
৪	Washing Machine	8450.20.10	Brand, Capacity, Model, Typel (Top Loader, Front Loader), Dryer (Yes, No)
৫	Jams & Jelly	2007.91.00	Brand, Flavour, Size

০৩। এমতাবস্থায়, রাজস্ব সুরক্ষায় আমদানি বাণিজ্যে স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিত করা এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে ভ্যালুয়েশন মডিউল বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাঃ/-

(মো: আবদুল কাইয়ুম)

দ্বিতীয় সচিব (কাস্টমস: অটোমেশন)

ই-মেইল-ss.asycuda@gmail.com